



প্রেসিডেন্ট এরশাদ বুধবার পিরোজপুরে শাৰ্বিনা মাদ্রাসা প্রাঙ্গণে এক বিশাল জনসভায় ভাষণ দেন

শাৰ্বিনার বিশাল জনসভায় এরশাদ

নিরক্ষরতা দূর করতে মিলিত প্রচেষ্টা চাই

শাৰ্বিনা (পিরোজপুর), ৬ই আগস্ট (বাসস)। —প্রেসিডেন্ট হুসেইন মুহাম্মদ এরশাদ বলেন যে সরকার এক জনগণ উত্তরের একা-বন্দ প্রচেষ্টা সমাজ থেকে নিরক্ষরতা দূর করতে পারে।

আজ এখানে শাৰ্বিনা মাদ্রাসা প্রাঙ্গণে এক বিশাল জনসভাবে ভাষণদানকালে তিনি বলেন, মহানবী হজরত মোহাম্মদের (সঃ) নিকট অফলাহর প্রথম বাণী ছিল 'পড়'।

প্রেসিডেন্ট এরশাদ শিক্ষাথিত উন্নয়নের জন্য তাঁর সরকারের কমে বর্ধমান ব্যয়ের উল্লেখ করেন এবং 'মিলিত প্রচেষ্টা' প্রচেষ্টা শিক্ষা বিস্তারে সরকারী প্রচেষ্টার সম্প-

রক হওয়া উচিত। তিনি বলেন, আর্থ-সামাজিক অগতির জন্য বিশেষ করে সমাজের সচ্ছল ব্যক্তিদের শিক্ষা বিস্তারে ব্যাপকভাবে এগিয়ে আসা উচিত।

প্রেসিডেন্ট এরশাদ শাৰ্বিনায় শিষ্টপাতি অনোরার গদুপ অব ইন্ডাস্ট্রিজের অনোরার হোসেন, ব্যবসায়ী খালেদ আদেল ও জহাঙ্গীর মোহাম্মদ আদেলকে সঙ্গে নিয়ে এখানে অগমন করেন। তিনি তাদের প্রতি এ ব্যাপারে তাদের উদ্যোগ প্রদর্শনের আহ্বান জানান। তাঁরা তৎক্ষণাৎ শাৰ্বিনা মাদ্রাসা হোস্টেলের তৃতীয় তলা নির্মাণের বাস্তব হুঁশুনি দিলেন।

প্রেসিডেন্ট বলেন যে তাঁর সরকার

শিক্ষা খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আসছে এবং মাদ্রাসা শিক্ষাসহ শিক্ষার সকল শাখাকে সমান সমর্থন প্রদান করছে।

তিনি বলেন যে সরকার তিন হাজারের বেশি মাদ্রাসাকে সাহায্য দিয়ে আসছে। একই সঙ্গে মাদ্রাসা শিক্ষাকে আধুনিক ও বিজ্ঞানভিত্তিক করতে একে পুনর্গঠিত করা হয়েছে।

তিনি বলেন যে যথাযথ শিক্ষার অভাবে সমাজে বিশৃঙ্খলা ও উচ্ছৃঙ্খল তৎপরতা বৃদ্ধি পন্ন এবং এতে সামাজিক অগতির ব্যাহত হয়।

প্রেসিডেন্ট বলেন যে শিক্ষার

বাহিনী গড়ে তুলতে শিক্ষকদের যথাযথ ভূমিকা পালন করার রয়েছে।

ছাত্ররা যাতে খোঁগা নাগরিক হিসাবে গড়ে উঠতে পারে সেজন্য প্রেসিডেন্ট এরশাদ তাদের প্রতি তাদের শিক্ষাজীবনের পূর্ণ সম্ভাব্যতার পরামর্শ দেন। তিনি বলেন 'লেখাপড়া শেখার সময় রাজনীতিতে লিপ্ত হয়ো না। তাহলে সারা জীবন তোমাদের অনুশোচনা করতে হবে। তোমাদের পিতামাতা ও জাতির মর্যাদা বৃদ্ধি করতে, আমি দেখতে চাই যে তোমরা পুরো পূরি মানুষ হয়েছ।'

প্রচেষ্টা চাই

(প্রথম পৃষ্ঠা পর)
উল্লেখ করেন এবং বলেন, আমি যখন দেশের প্রশাসন পরিচালনার গুরু দায়িত্ব গ্হণ কর তখন আমি নিজেকে পুরোপুরি অফলাহর কাছে সঁপে দেই; দেশ পরিচালনার গুরু দায়িত্ব বহন করতে আমাকে শান্তিমনে জন্ম তাঁর আশীর্বাদ প্রার্থনা কর।

প্রেসিডেন্ট বলেন যে সাধারণ মানুষের অবস্থা উন্নয়নের জন্য তিনি গত ৪ বছর ধরে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। অফলাহর রহমতে এখন আমি বলতে পারি, আমরা প্রমাণ করেছি যে আমরা তাদের জন্য কিছু করেছি। দেশের অগতির ও মেরুতে মানুষের স্বার্থ রক্ষা করতে জাতিকে একটি দিকনির্দেশনা দিয়েছি।

প্রেসিডেন্ট এরশাদ দেশে ইসলামী মূল্যবোধ ও জীবনদর্শন উন্নয়নে তাঁর সরকারের নেয়া ব্যবস্থামূলক উল্লেখ করেন এবং বলেন যে ইসলামের ভ্রাতৃত্বের বাণী ও অন্তর্নিহিত শান্তি সামাজিক একা প্রতিষ্ঠার সাহায্য এবং একটি সমৃদ্ধ উন্নয়ন নিশ্চিত করতে পারে। তিনি বলেন আমরা যদি জাতিতে ইসলামী আদর্শ ও শিক্ষার চেতনায় উদ্ভব করতে পারি তাহলে আমাদের দায়িত্ব দূর করা সম্ভব হবে।

তিনি বলেন যে ইসলামী আদর্শ সমৃদ্ধ করার ব্যবস্থা গ্হণের সঙ্গে সঙ্গে তাঁর সরকার বিন্যাসগত অন্যান্য ধর্মাবলম্বীর ধর্মীয় আচার অনুষ্ঠান পালন নিশ্চিত করতে যথাযথ মনোযোগ দিয়েছে। তিনি বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির অপনোদিত। আমরা একটি সহিষ্ণু জাতি হিসেবে বিশ্বের প্রশংসা অর্জন করছি। এখানে বিভিন্ন ধর্মাবলম্বী

দের নারী-পুরুষ পরস্পর ভাইয়ের মত, বোনের মত বসবাস করছে।

প্রেসিডেন্ট এরশাদ সার্ব দেশ-সমূহে তাঁর সাম্প্রতিক সফরের উল্লেখ করেন। এসব দেশে তাঁর আন্তর্জাতিক সংবর্ধনা ও সম্মান দেয়া হয়। তিনি বলেন এতে প্রমাণিত হয় যে বাংলাদেশ একটি আত্ম-মর্যাদাশীল জাতি হিসেবে আজ বিশ্বের স্বীকৃতি লাভ করেছে। এ জাতি তার অবস্থা উন্নয়নের জন্য কঠোর পরিশ্রম করছে। তিনি বলেন, জাতি হিসেবে আমরা প্রমাণ করেছি যে ইচ্ছা থাকলে ও কঠোর পরিশ্রম করলে সামনে যত বাধাই আসুক না কেন, একটি জাতি তা অতিক্রম করে সমৃদ্ধ অর্জন করতে পারে।

শাৰ্বিনার পীর সাহেব আলহাজ মওলানা আবু জাফর মোহাম্মদ সালেহর সভাপতিত্বে অনুষ্ঠানে ধর্মগন্থী মওলানা আবদুল মান্নান ভাষণ দেন।

প্রেসিডেন্ট-এর আগে শাৰ্বিনার পূর্ববর্তী পীর সাহেব আলহাজ মওলানা নূরুজ্জামান আহমদের (সঃ) মাজারে ফাতেহা পাঠ করেন।

প্রেসিডেন্ট এখানে অগমন করলে তাঁকে আন্তর্জাতিক সংবর্ধনা জ্ঞাপন করা হয়। মাদ্রাসার ছাত্র ও স্থানীয় জনগণ পথের দু'ধারে সারি বৃষ্টিতে দাঁড়িয়ে স্বাগত স্লোগান দিয়ে তাঁকে অভ্যর্থনা জানায়।